



নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০১.১৩-১০৭২

তারিখ: ২৭ আষাঢ় ১৪৩০
১১ জুলাই ২০২৩

বিষয়: চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার মেয়র জনাব মোঃ মোখলেসুর রহমান ফৌজদারী মামলায় তথ্য প্রেরণ।

সূত্র : জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং-৪৬.৪৩.৭০০০.১১.৯৯.০২৫.২৩- ৩০৩, তারিখ: ২০ জুন ২০২৩;

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার মেয়র জনাব মোঃ মোখলেসুর রহমান এর বিরুদ্ধে চাঁপাইনবাবগঞ্জ সদর থানার মামলা নং ২৮, তারিখ: ২২ এপ্রিল ২০২৩ (ধারা ৩০২/১১৫/৩৪ দণ্ডবিধি) জি.আর মামলা নং ১৭১/২০২৩ দায়ের করা হয়। উক্ত মামলায় গত ০৬ জুন ২০২৩ তারিখে জনাব মোঃ মোখলেসুর রহমান বিজ্ঞ আদালতে আত্মসমর্পনপূর্বক জামিনের প্রার্থনা করলে, বিজ্ঞ আদালত কর্তৃক জামিন না করে কারাগারে প্রেরণ করা হয়। বর্তমানে তিনি চাঁপাইনবাবগঞ্জ জেলা কারাগারে কারাবন্দি রয়েছেন। কিন্তু উল্লিখিত মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে কিনা বা বিজ্ঞ আদালতের আদেশনামার সার্টিফাইড কপি প্রেরণ করা হয়নি।

২। এমতাবস্থায়, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার মেয়র জনাব মোঃ মোখলেসুর রহমান এর বিরুদ্ধে দায়েরকৃত উক্ত মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে কিনা বা বিজ্ঞ আদালতের আদেশনামার সার্টিফাইড কপি প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোঃ আব্দুর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bdজেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. মেয়র, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)